গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.৪২.০০০০.০০০.৩১.০০২.১৫.৫৫৯

তারিখঃ ২৯ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: জেলা পরিষদের লাইব্রেরীয়ান পদে অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের বেতন বৃদ্ধি সংক্রান্ত।

মহান ভাষা আন্দোলনে শহীদ ও মুক্তিযুদ্ধের বীরশ্রেষ্ঠদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের লক্ষ্যে ২০০৬-২০০৭ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে জেলা পরিষদের মাধ্যমে ভাষা শহীদ ও বীরশ্রেষ্ঠগণের গ্রামে একটি করে গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘর নির্মাণ করা হয়। জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোতে লাইব্রেরীয়ান পদের সংস্থান না থাকায় জেলা পরিষদের নিজস্ব তহবিলের অর্থায়নে সম্পূর্ণ অস্থায়ীভাবে মাসিক সর্বসাকুল্যে ৬,০০০/-(ছয় হাজার) টাকা বেতনে লাইব্রেরীয়ান পদে লোক নিয়োগ করা হয়। ইতোমধ্যে সরকারি কর্মচারীদের জন্য জাতীয় বেতন স্কেল ২০১৫ জারী করা হয়েছে। এছাড়া অর্থ বিভাগের ২৪/৫/২০১৬ তারিখের ৩৪ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী জেলা পরিষদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টাররোলে নিয়োজিত কর্মচারীগণ নূন্যতম দৈনিক ৪০০/- টাকা হারে মাসে প্রায় ১২,০০০/- টাকা মজুরী পাচ্ছেন। কিন্তু লাইব্রেরীয়ানগণ এখনও ৬,০০০/- টাকা হারে বেতন পাচ্ছেন। স্বল্প বেতনভোগী কর্মচারী হিসেবে মজুরী বৃদ্ধির জন্য লাইব্রেরীয়ানগণ আবেদন জানিয়েছেন। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ তাদের বেতন বৃদ্ধির জন্য সুপারিশ করেছেন। লাইব্রেরীয়ানদের বেতন বাবদ যাবতীয় ব্যয় জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে। ফলে এ খাতে কোন সরকারি বরাদ্দের প্রয়োজন হবে না। সার্বিক পরিস্থিতি বিবেচনা করে ভাষা শহীদ ও বীরশ্রেষ্ঠগণের গ্রামে স্থাপিত গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘরে অস্থায়ীভাবে নিয়োজিত লাইব্রেরীয়ানদের বেতন সর্বসাকুল্যে ১৫,০০০/-(পনের হাজার) টাকা নির্ধারণের জন্য স্থানীয় সরকার বিভাগ সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এমতাবস্থায়, মহান ভাষা আন্দোলনে শহীদ ও মুক্তিযুদ্ধের বীরশ্রেষ্ঠদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে জেলা পরিষদের মাধ্যমে ভাষা শহীদ ও বীরশ্রেষ্ঠগণের গ্রামে স্থাপিত গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘরে অস্থায়ীভাবে নিয়োজিত লাইব্রেরীয়ানদের বেতন সর্বসাকুল্যে ১৫,০০০/-(পনের হাজার) টাকা নির্ধারণের প্রস্তাবে সম্মতি দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১২/০৪/১৮

(আনজুমান আরা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

সচিব
অর্থ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ--------------------------।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।